

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।

www.fpo.naogaonsadar.naogaon.gov.bd

স্মারক নং-উপপঅ/নওগাঁ/সদর/২০২৩/

তারিখঃ- ২৭ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ।
১২ নভেম্বর, ২০২৩ খ্রিঃ।

প্রেরকঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
নওগাঁ সদর, নওগাঁ।

প্রাপকঃ

জেসমিন আক্তার
পরিবার কল্যাণ সহকারী, ২/ক ইউনিট
বলিহার ইউনিয়ন, নওগাঁ সদর, নওগাঁ।

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ পরিবার পরিকল্পনা পরিদর্শক কর্তৃক প্রেরিত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনি সন ৪/১১/২০২৩খ্রিঃ হতে ১১/১১/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং এমনকি মৌখিকভাবেও পরিবার পরিকল্পনা পরিদর্শককে অবগত করেননি- এটি কর্তৃপক্ষের সাথে অসদাচরণ বলে প্রতীয়মান হয়। এতে বিভাগীয় কার্যাবলী বিঘ্নিত হওয়ার পাশাপাশি পরিবার পরিকল্পনা বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। এটি স্পষ্টতই যথাক্রমে “গণকর্মচারী শৃঙ্খলা(নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ-১৯৮২ এর ৪ নং ধারা এবং “সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ)” ধারার পরিপন্থী।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে “সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না-তা পত্র প্রাপ্তির ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে পঃপঃপরিদর্শকের মতামতসহ লিখিতভাবে জানানোর জন্য বলা হলো।

মোঃ আব্দুর রহমান প্রামাণিক
পরিচিতি নং-১০০১৫৮

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।

তারিখঃ- ২৭ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ।
১২ নভেম্বর, ২০২৩ খ্রিঃ।

স্মারক নং-উপপঅ/নওগাঁ/সদর/২০২৩/২৩২/১৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো-

১. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নওগাঁ।
২. উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী(সাধারণ), নওগাঁ সদর, নওগাঁ। (পোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. পরিবার পরিকল্পনা পরিদর্শক, বলিহার ইউনিয়ন, নওগাঁ সদর, নওগাঁ।
৪. অফিস নথি/২৩।

মোঃ আব্দুর রহমান প্রামাণিক
পরিচিতি নং-১০০১৫৮

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।